



তথ্যবিবরণী

নম্বর-২৩১

রাজশাহীতে গণহত্যা দিবসের কর্মসূচি

রাজশাহী; ০৯ চৈত্র (২৩ মার্চ):

আগামী মঙ্গলবার (২৫ মার্চ) গণহত্যা দিবস। বাঙ্গালি জাতির ইতিহাসে এক শোকাবহ দিন। সারা দেশের মতো দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে রাজশাহী জেলা প্রশাসন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

এ উপলক্ষ্যে সুবিধামতো সময়ে ২০ মার্চ থেকে ২৫ মার্চ ২০২৫ তারিখে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। ওইদিন দুপুর বারোটা থেকে সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে গণহত্যার ওপর বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শিত হবে।

সারা দেশে ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং অন্যান্য উপাসনালয়ে সুবিধামতো সময়ে বিশেষ প্রার্থনা করা হবে। রাত সাড়ে দশটায় কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত অন্যান্য সরকারি ভবনে ০১ (এক) মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউট করা হবে।

ওইদিন রাতে কোনো অবস্থাতেই গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা না করার জন্য সংশ্লিষ্ট ভবনের কর্তৃপক্ষ/মালিকদের বলা হয়েছে।

.....
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রহুল/কনক/হালিম/২০২৫/১৩:৩০ঘ.